Ref : হাব/সার্কুলার/হজ্জ প্যাকেজ-২০১৭/০৪৭

Date : ০২. ফেব্রুয়ারী.২০১৭ইং

# প্রেস বিজ্ঞপ্তি

বিষয় ঃ **২০১৭ ইং সালে বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জ এজেন্সীর মাধ্যমে গমণেচ্ছু হজ্জযাত্রীদের জন্য প্যাকেজ ঘোষনা।**

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ০১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ/ ৯ জিলহজ্জ ১৪৩৮ হিজরী সনের পবিত্র হজ্জ অনুষ্ঠিত হবে। বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীদের জন্য কুরবানী ব্যতিত নির্ধারণকৃত সর্বনিম্ন প্যাকেজ মূল্য জনপ্রতি মোট ৩,১৯,৩৫৫.০০ (তিন লক্ষ উনিশ হাজার তিনশত পঞ্চান্ন টাকা)।

| ক্রঃ নং | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ০১. | বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight : | |
| | ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৭৫ (১৪৭৫ X ৮০.৫০) | ১,১৮,৭৩৭.৫০ |
| | খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ X ২১.৫০) | ১০৭৫.০০ |
| | গ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃ রিঃ ৩০ (৩০ X ২১.৫০) | ৬৪৫.০০ |
| | ঘ) এম্বারকেশন ফি | ৫০০.০০ |
| | ঙ) এম্বারকেশন ফি-এর উপর ১৫% ভ্যাট | ৭৫.০০ |
| | চ) এক্সাইজ ডিউটি | ১০০০.০০ |
| | ছ) সৌদি সরকারের সিকিউরিটি চার্জ মাঃ ডঃ ০৪ (৪X ৮০.৫০) | ৩২২.০০ |
| | জ) ট্রাভেল এজেন্ট কমিশন মাঃ ডঃ ২৫ (২৫ X ৮০.৫০) | ২০১২.৫০ |
| | ঝ) বিমান ভাড়া ১৪৭৫ মাঃ ডঃ এর উপর উৎসে কর (১৪৭৫X ০.৩০%) বাবদ (৪.৪২৫ X ৮০.৫০) | ৩৫৬.২১ |
| | মোট = | ১,২৪,৭২৩.২১ |
| ০২. | **মক্কা ও মদিনার বাড়ী ভাড়া ঃ** মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ (৩৫০০+৬০০+৪১)=সৌঃ রিঃ ৪১৪১ (৪১৪১X২১.৫০)। | ৮৯,০৩১.৫০ |
| ০৩. | সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি {সৌদি কর্তৃপক্ষ প্রদত্ত বিভিন্ন সেবা এবং জেদ্দা, মক্কা, মদিনা ও আল-মাশায়ের (মক্কা-মিনা-আরাফা-মিনা-মক্কা) যাতায়াতের বাস সেবা ইত্যাদি}: সৌঃরিঃ ১০৮৯ (১০৮৯ X ২১.৫০)। | ২৩,৪১৩.৫০ |
| ০৪. | **সিটি চেক ইন চার্জ ঃ** ৯০ সৌঃ রিঃ (লাগেজ পরিবহন চার্জ)। | ১,৯৩৫.০০ |
| ০৫. | **জমজম পানি :** ১৫ সৌঃ রিঃ (১৫X২১.৫০) | ৩২২.৫০ |
| ০৬. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ** ১৩০০ সৌঃ রিঃ (হজ্জযাত্রীদের মক্কা, মিনা ও আরাফায় খাবার/নাস্তা সরবরাহ, মিনার তাবুতে ম্যাট্রেস, বিছানা চাদর, বালিশ, কম্বল ইত্যাদি, আরাফার তাবুতে ওয়াটার কুলার স্থাপন, হজ্জযাত্রীদের মক্কা হতে দেশে প্রত্যাবর্তনের সময় নাস্তা সরবরাহ)। | ২৭,৯৫০.০০ |
| ০৭. | **ট্রেন ভাড়া : মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা ট্রেন ভাড়া সৌঃ রিঃ ২৫০** (২৫০ X ২১.৫০) | ৫,৩৭৫.০০ |
| ০৮. | **ব্যাংক গ্যারান্টি হজ্জ মন্ত্রণালয়ের অনুকূলে** ৫০ সৌঃ রিঃ (৫০ X ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)। | ১০৭৫.০০ |
| ০৯. | **ব্যাংক গ্যারান্টি জেনারেল কারসিন্ডিকেট এর অনুকূলে সৌঃ রিঃ ১৮** (১৮ X ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)। | ৩৮৭.০০ |

চলমান পাত-২

**সাত্তারা সেন্টার** (১৬তম তলা, হোটেল ভিক্টরী লিঃ), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ
Sattara Centre (15th Floor, Hotel Victory Ltd.) 30/A, Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh
Phone : 58317030, 9338867, 9338868, Fax : 88-02-9338526, E-mail : haab01@yahoo.com, Website : www.haab-bd.com

Ref :  Date : ..................

| | | |
|---|---|---|
| ১০. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ** আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি। | ৮০০.০০ |
| ১১. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ১২. | **প্রশিক্ষণ ফি ঃ** | ৩০০.০০ |
| ১৩. | **খাওয়া খরচ ঃ** সকালের নাস্তাসহ ৩ বেলা খাবার পরিবেশন করা হবে। ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০X৪০)= ১৬০০ সৌ: রি: (১৬০০X২১.৫০) খরচ হবে। সৌদি সরকার ক্যাটারিং বাধ্যতামূলক করলে সেক্ষেত্রে সৌদি ক্যাটারিং এর মাধ্যমে খাবার পরিবেশন করা হবে। | ৩৪,৪০০.০০ |
| ১৪. | **ট্রলীকেইছ ঃ** ৫৬ সেঃমিঃ X ২৫সেঃমিঃ X ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় (সরকার কর্তৃক নির্ধারিত) | ২,৫০০.০০ |
| ১৫. | **হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ** প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে। | ৬,৯৪২.২৯ |
| | মোট= | ১,৯৪,৬৩১.৭৯ |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১+১২+১৩+১৪+১৫) =** | ৩,১৯,৩৫৫.০০ |

(সর্বমোট তিন লক্ষ উনিশ হাজার তিনশত পঞ্চান্ন টাকা)।

**নোট :** (১) প্রতি মার্কিন ডলার ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) এবং প্রতি সৌদি রিয়াল ২১.৫০ (একুশ টাকা পঞ্চাশ পয়সা) হারে ধরা হয়েছে।

(২) বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমসাময়িক বাজার দর অনুযায়ী হবে।

০১। প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ/দম বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌঃ রিঃ সমপরিমান ১০,৭৫০.০০ (দশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সঙ্গে নিতে হবে।

০২। এই প্যাকেজে মক্কায় বাড়ীর দূরত্ব হবে ২ (দুই) কিলোমিটার এর মধ্যে এবং মদিনা মনওয়ারায় বাড়ীর দূরত্ব হবে ১০০০ মিটার। সৌদি বিধি মোতাবেক হারাম শরীফ থেকে ২ (দুই) কিলোমিটার বা এর অধিক দূরত্বে বাড়ি/হোটেলে অবস্থানের ব্যবস্থা করলে অবশ্যই যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা করতে হবে।

০৩। হজ্জযাত্রীদের প্যাকেজ মূল্যের সমুদয় অর্থ সরকার নির্ধারিত ৩০/০৩/২০১৭ তারিখের মধ্যে ধর্ম মন্ত্রণালয়ের তালিকাভুক্ত ও হাব এর সাথে চুক্তিবদ্ধ ব্যাংকের একাউন্টে অথবা সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর নিকট জমা করে রশিদ সংগ্রহ করতে হবে।

০৪। হজ্জ এজেন্সীর একাউন্টে সমুদয় টাকা জমাদান ব্যতিত কোন হজ্জযাত্রী মধ্যস্বত্বভোগী, দালাল কিংবা ফড়িয়াদের হাতে টাকা দিলে সে হজ্জযাত্রী হজ্জে যেতে পারবে না। হাব এর প্রস্তাব অনুযায়ী হজ্জ এজেন্সীর একাউন্টে সরকার ঘোষিত সময় সীমার মধ্যে সর্বনিম্ন প্যাকেজের টাকা জমা না দিলে ঐ হজ্জযাত্রী হজ্জে যেতে পারবেন না।

০৫। হজ্জ এজেন্সীগুলো বিভিন্ন সুযোগ সুবিধাসহ স্ব স্ব প্যাকেজ ঘোষনা করতে পারবেন। তবে কোনও অবস্থাতেই সরকার ঘোষিত সর্বনিম্ন প্যাকেজের নিচে কোনও প্যাকেজ মূল্য ঘোষনা করা যাবে না।

০৬। সম্মানিত হজ্জযাত্রীদের যারা ২০১৭ সনে হজ্জব্রত পালনে ইচ্ছুক এবং এখনো আন্তর্জাতিক মেশিন রিডিবল পাসপোর্ট তৈরী করেননি, যথাশীঘ্র সম্ভব আন্তর্জাতিক এম আর পি পাসপোর্ট সংগ্রহ করে ধর্ম মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সীর মালিকদের সাথে সরাসরি যোগাযোগ করে সকল আনুষ্ঠানিকতা দ্রুত সম্পাদন করার জন্য অনুরোধ করা হলো।

০৭। হজ্জযাত্রীগণ মধ্যস্বত্বভোগী, দালালদের সাথে হজ্জে গমণের জন্য কোনরূপ আর্থিক লেনদেন করে প্রতারিত হলে তার জন্য সরকার কিংবা হাব অথবা হজ্জ এজেন্সী দায়ী থাকবে না। বিষয়টি হাব কর্তৃক বিজ্ঞাপনের মাধ্যমে সর্বসাধারণকে জানিয়ে দেয়া হবে।

০৮। নির্ধারিত কোটা ঃ সৌদি সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে অনুষ্ঠিতব্য চুক্তি মোতাবেক প্রাপ্ত কোটা পূরন হয়ে যদি অতিরিক্ত হজ্জযাত্রী প্রাক-নিবন্ধন করেন তারা পরবর্তী বছরের জন্য অগ্রাধিকার ভিত্তিতে নিবন্ধিত হতে পারবেন অথবা তার প্রাক-নিবন্ধন বাতিল পূর্বক পরিশোধিত প্রাক-নিবন্ধন ফি সরকার নির্ধারিত টাকা কর্তনপূর্বক ফেরত নিতে পারবেন।

**মোহাম্মদ ইব্রাহিম বাহার**
সভাপতি, হাব